

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ

ডিআর টাওয়ার (১৩ তলা)

৬৫/২/২বীর প্রতীক গাজী গোলাম দস্তগীর সড়ক (বক্স কালভার্ট রোড)

পুরানা পল্টন, ঢাকা- ১০০০, ফোন # ৫৫১১২৮৫৭ - ৬০

www.ibb.org.bd

সূত্র : আইবিবি/পরীঃ/০৭/পরীঃ বিঃ/অঃ আঃ/২০১৯/

তারিখ : ২৬ ফেব্রুয়ারি , ২০১৯

পরীক্ষা বিজ্ঞপ্তি

৮৯তম (গ্রীষ্মকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, জুলাই- ২০১৯

দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)- এর ৮৯তম (গ্রীষ্মকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষা, আগামী ০৫, ১২ ও ১৯ জুলাই, ২০১৯ তারিখ সমূহে ঢাকা মহানগরীসহ দেশের সুনির্দিষ্ট জেলা সদরে অবস্থিত পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে।

২। আগামী ৮৯তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীরা আইবিবি Web-site (www.ibb.org.bd) থেকে JAIBB ও DAIBB পর্বের ফরম Download করে তা নিম্নোক্ত প্যারা ৩, ৪ ও ৫ অনুসরণ করে পূরণ করবেন।

৩। JAIBB ও DAIBB পর্বের পুরাতন পরীক্ষার্থীরা অবশ্যই Enrolment No. লেখা বক্সে তাদের নম্বর বসাবেন। JAIBB পর্বের নতুন পরীক্ষার্থীগণ আইবিবি Web-site থেকে JAIBB পর্বের ফরম Download করে যথাযথভাবে পূরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। সেক্ষেত্রে নতুন পরীক্ষার্থীগণ Enrolment No. বক্স খালি রাখবেন।

৪। JAIBB পর্বের পুরাতন পরীক্ষার্থীরা অবশ্যই ফরমের উপরে ডান পাশের Old Examinee লেখা বক্সে 'টিক' দিবেন এবং নতুন পরীক্ষার্থীরা New Examinee লেখা বক্সে 'টিক' দিবেন।

৫। আইবিবি'র নিয়ম অনুযায়ী ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার্থীদেরকে একটি মাত্র তালিকাভুক্তি (enrolment) নম্বর এর মাধ্যমে JAIBB ও DAIBB পর্বের সকল পরীক্ষায় অংশগ্রহণের বিধান রয়েছে। পূর্বের তালিকাভুক্তি (enrolment) নম্বর থাকা সত্ত্বেও নতুন পরীক্ষার্থী হিসেবে ফর্ম জমা না দেয়ার জন্য পরীক্ষার্থীদেরকে বিশেষভাবে সতর্ক/পরামর্শ দেয়া যাচ্ছে। যদি কোন প্রার্থীর নিকট তার তালিকাভুক্তি (enrolment) নম্বর সংরক্ষিত না থাকে সেক্ষেত্রে, আইবিবিতে টেলিফোনে অথবা Email-(ibb.diploma@gmail.com) এর মাধ্যমে তালিকাভুক্তি (enrolment) নম্বর সংগ্রহ করা যাবে।

০৬। ইচ্ছুক পরীক্ষার্থীগণ নিজ নিজ ব্যাংকের কর্মী ব্যবস্থাপনা বিভাগ/প্রধান কার্যালয়/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখায় প্রয়োজনীয় ফিসহ এন্ট্রি ফরম জমা দেবেন। এন্ট্রি ফরম জমা দেয়ার শেষ তারিখ ১৯-০৩-২০১৯।

৮৯তম (গ্রীষ্মকালীন) ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় JAIBB এবং DAIBB নতুন ও পুরাতন সকল পরীক্ষার্থীর জন্য পরীক্ষা ফি এককালীন ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত টাকা)।

ব্যাংকের কর্মী ব্যবস্থাপনা বিভাগ/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখার প্রধানগণ এন্ট্রি ফরম খাতে নির্ধারিত সময়ের মধ্যে প্রাপ্ত ফি-এর টাকার উপর পৃথক পৃথকভাবে JAIBB (নতুন ও পুরাতন উভয়)- এর জন্য একটি বিবরণী এবং DAIBB -এর জন্য অপর একটি বিবরণী প্রস্তুত করতঃ উক্ত বিবরণীদ্বয়ের ভিত্তিতে ২১-০৩-২০১৯ তারিখের মধ্যে JAIBB ও DAIBB এর জন্য পৃথক পৃথক ২টি ডি.ডি./ পে-অর্ডার (শুধুমাত্র ঢাকা সিটি এর ক্ষেত্রে পে-অর্ডার ইস্যু করা যাবে) 'দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স, বাংলাদেশ (আইবিবি)'- এর অনুকূলে ইস্যু করে বাহক মারফত/গ্যারান্টিড এক্সপ্রেস পোস্ট (জিইপি) যোগে ডি.ডি. / পে-অর্ডার সমেত এন্ট্রি ফরমগুলো ইনস্টিটিউটে প্রেরণের ব্যবস্থা করবেন।

(চলতি পাতা # ২)

০৭। কোন অবস্থাতেই ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষার এন্ট্রি ফরমের সাথে সাময়িক সনদ পত্রের আবেদন জমা দেয়া যাবে না। সাময়িক সনদ পত্রের জন্য আলাদাভাবে নির্ধারিত ফি ২০০/- টাকার ড্রাফট সহকারে আলাদা খামে আবেদন করতে হবে এবং আবেদনের খামের উপর “সাময়িক সনদ পত্র” লিখতে হবে।

০৮। ৮৮তম ব্যাংকিং ডিপ্লোমা পরীক্ষায় JAIBB ও DAIBB পর্বের যে সমস্ত পরীক্ষার্থী তাদের অনুত্তীর্ণ বিষয়ে ফ্লুটিনি করতে ইচ্ছুক তারা আগামী ০৫-০৩-২০১৯ তারিখের মধ্যে তাদের আবেদন আইবিবি অফিসে পৌঁছিয়ে দিতে হবে। উক্ত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

০৯। ঢাকা মহানগরীর পরীক্ষার্থীগণ ব্যতীত অন্যান্য কেন্দ্রের পরীক্ষার্থীদেরকে তাঁদের সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সদস্য-সচিব (বাংলাদেশ ব্যাংক-এর স্থানীয় কার্যালয় কর্তৃক মনোনীত কর্মকর্তা/সোনালী ব্যাংক লিঃ-এর স্থানীয় কার্যালয় প্রধান কর্তৃক মনোনীত কর্মকর্তা)- এর নিকট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১০। ঢাকা মহানগরীর পরীক্ষার্থীদের প্রবেশপত্র তাঁদের সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা বিভাগ/স্থানীয় কার্যালয়/প্রিন্সিপাল অফিস/আঞ্চলিক কার্যালয়ের ঠিকানায় প্রেরণ করা হবে।

১১। পরীক্ষা সংক্রান্ত কার্যকর অন্যান্য ফি/মূল্য সমূহ- সিলেবাস ১০০/- , এক পরীক্ষার মার্কশীট ২০০/- , একাডেমিক ট্রান্সক্রিপ্ট ৫০০/- , সাময়িক সনদপত্র ২০০/-, মূল সনদপত্র ৫০০/- (সাময়িক সনদপত্র উত্তোলন না করে মূল সনদপত্র উত্তোলন করা যাবে না), ফ্লুটিনি ফি প্রতি বিষয়ের জন্য ৩০০/-, পুরানো তথ্য সরবরাহ ফি ৫০০/- , ডুপ্লিকেট সাময়িক সনদ ৫০০/- (ডিডি/পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করতে হবে)।

১২। পরীক্ষার বিস্তারিত নিয়মাবলী ও সিলেবাস ইনস্টিটিউট কর্তৃক প্রকাশিত “Regulations and Syllabus for Banking Diploma Examinations, JAIBB and DAIBB ” শীর্ষক পুস্তিকায় এবং **ibb Website-এ (www.ibb.org.bd)** বর্ণিত আছে।



(মোহাম্মদ নওশাদ আলী চৌধুরী)
মহাসচিব